**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 9/23/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল 100-র বেশি ইভলভ NY বৈদ্যুতিক যানের ফাস্ট চার্জার স্থাপন করার মাইলফলক ঘোষণা করলেন

***সর্বশেষ চার্জারগুলি লং আইল্যান্ডে EV অবকাঠামো সম্প্রসারিত করে, যেখানে নিউ ইয়র্ক স্টেটের EV মালিকদের প্রায় 30 শতাংশ বাস করে***

***নিউ ইয়র্কের পরিচ্ছন্ন পরিবহন মাইলফলক উদযাপনের ভিডিও দেখুন এখানে এবং লং আইল্যান্ড সাইটের ছবি দেখুন এখানে***

***ইভলভ NY চার্জিং স্টেশনসমূহের একটি মানচিত্র দেখুন এখানে***

জলবায়ু সপ্তাহ (Climate Week) শেষ করতে, গভর্নর হোকল আজকে ঘোষণা করলেন যে নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষের (New York Power Authority, NYPA) ইভলভ নিউ ইয়র্ক (EVolve NY) বৈদ্যুতিক যানের ফাস্ট চার্জিং নেটওয়ার্কের অংশ হিসেবে পুরো স্টেটে 100টির বেশি উচ্চগতির চার্জার স্থাপন করা হয়েছে। সাফোক কাউন্টির ডাউনটাউন রিভারহেড এবং কোম্যাকে স্থাপিত সর্বশেষ ডিরেক্ট কারেন্ট ফাস্ট চার্জারগুলি লং আইল্যান্ডে ইভলভ NY নেটওয়ার্কের প্রথম ফাস্ট চার্জিং হাব, যেখানে নিউ ইয়র্ক স্টেটের বৈদ্যুতিক যান মালিকদের প্রায় 30 শতাংশ বাস করে। অক্টোবর মাসে ব্রিজহ্যাম্পটনে আরেকটি ফাস্ট চার্জিং স্টেশন স্থাপন করার কাজ শেষ হবে।

"পুরো স্টেটে 100টির বেশি উচ্চগতির চার্জার নিয়ে, নিউ ইয়র্ক পরিচ্ছন্ন পরিবহন অগ্রসর করতে এবং পরিবহন খাত, যা গ্রিনহাউজ গ্যাস নিঃসরণের ক্ষেত্রে দেশের সর্ববৃহৎ উৎস, সেখান থেকে নিঃসরণ অপসারণ করার ক্ষেত্রে নিজেদের শীর্ষ অবস্থান পাকাপোক্ত করেছে," **গভর্নর হোকল বলেন।** "লং আইল্যান্ডের, যেখানে স্টেটের অন্য সকল স্থান থেকে বেশি EV চালক রয়েছে, এই সর্বশেষ তিনটি চার্জার জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াইয়ে আমাদের বৈদ্যুতিক যানে স্থানান্তরের সমর্থনে প্রয়োজনীয় অবকাঠামো গঠনে আমাদের অগ্রগতি প্রদর্শন করে।"

নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষের ইভলভ NY উচ্চগতির, সকলের জন্য উন্মুক্ত চার্জিং নেটওয়ার্ক প্রধান প্রধান যাত্রা করিডোর সংলগ্ন এবং আর্বান এলাকার মুখ্য অবস্থানে ফাস্ট চার্জার স্থাপন করেছে যা আরো নিউ ইয়র্কবাসীর জন্য EV চালানো সহজতর করেছে। যেকোনও ব্যাটারি-চালিত EV একটি ইভলভ NY সাইটে সর্বনিম্ন 20 মিনিটে চার্জ হতে পারবে। EV একটি পরিচ্ছন্নতর পরিবহনের মাধ্যম প্রদান করে যা গ্যাস-জ্বালানির যান থেকে হওয়া নিঃসরণ

অপসারণ করতে সাহায্য করে এবং নিউ ইয়র্কের দেশের শীর্ষস্থানীয় জলবায়ু নেতৃত্ব ও সম্প্রদায় সুরক্ষার আইনের (Climate Leadership and Community Protection Act, Climate Act) 2050 সালের মধ্যে 85 শতাংশ কার্বন নিঃসরণ হ্রাস করার লক্ষ্যকে অগ্রসর করতে সাহায্য করে।

## তিনটি নতুন লং আইল্যান্ড সাইট ফাস্ট চার্জিং নেটওয়ার্ককে সম্প্রসারিত করে

ইভালুয়েট NY (EvaluateNY) অনুযায়ী, রাস্তায় 32,090টি যান নিয়ে লং আইল্যান্ডে নিউ ইয়র্কের EV মালিকানার প্রায় 30 শতাংশ রয়েছে, এটি স্টেটের অন্য যেকোনও অঞ্চল থেকে তুলনামূলক বেশি শতাংশ। বর্তমান সরকারি ও বেসরকারি 1,020 ডিরেক্ট কারেন্ট ফাস্ট চার্জার্স (Direct Current Fast Chargers, DCFC) ফাস্ট চার্জার পোর্টের 26 শতাংশের বেশি লং আইল্যান্ডে অবস্থিত। লং আইল্যান্ডে ইভলভ NY-র সম্প্রসারণ লং আইল্যান্ডের বাসিন্দাদের জন্য EV চার্জিংয়ের আরো ভালো সুযোগ প্রদান করবে।

ইভলভ NY চার্জারগুলি এখন সক্রিয় আছে কোম্যাকের 656 কোম্যাক রোডের একটি শপিং সেন্টারে এবং রিভারহেডের 209 ইস্ট অ্যাভিনিউয়ে একটি মিউনিসিপ্যাল মালিকানাধীন পার্কিং লটে। 99 স্কুল স্ট্রিটের একটি ব্রিজহ্যাম্পটন মিউনিসিপ্যাল লটের চার্জার অক্টোবরের শেষের দিকে খুলে দেওয়া হবে বলে আশা করা যাচ্ছে। এই বছর শেষ হওয়ার আগে পুরো স্টেটে মোট 140টি ইভলভ NY ফাস্ট চার্জার উপলভ্য থাকবে বলে আশা করা যাচ্ছে।

বর্তমানে রিভারহেড এবং কোম্যাক উভয় স্থানে অবস্থিত চারটি ডিরেক্ট কারেন্ট ফাস্ট চার্জার যেকোনও মডেলের EV-কে সর্বনিম্ন 20 মিনিটে 80 শতাংশ চার্জ করতে পারবে। চার্জিং স্টেশনগুলিতে সকল বৈদ্যুতিক যান প্লাগইন করার জন্য ফাস্ট চার্জিং কানেক্টরের সরঞ্জাম রয়েছে, যার মধ্যে অ্যাডাপ্টারসহ টেসলা গাড়িও আছে। রিভারহেড ও কোম্যাকের ফাস্ট চার্জার ব্লকগুলির বিদ্যুতায়ন করছে লং আইল্যান্ড বিদ্যুৎ কর্তৃপক্ষের (Long Island Power Authority) পক্ষে পাবলিক সার্ভিস এন্টারপ্রাইজ গ্রুপ লং আইল্যান্ড (Public Service Enterprise Group Long Island, PSEG-LI)। রিভারহেডে এছাড়াও চারটি পাবলিক লেভেল 2 চার্জার রয়েছে, যা অপেক্ষাকৃত বেশিক্ষণ থেমে থাকার সময় ব্যবহার করা যাবে। কোম্যাক চার্জারগুলি হলো হ্যামলেটের প্রথম ফাস্ট বা লেভেল 2 চার্জার।

রিভারহেড চার্জারগুলির স্থাপন করা হয়েছে ডাউনটাউন, 209 ইস্ট অ্যাভিনিউতে, যা স্টেট ডিপার্টমেন্টের (Department of State, DOS) ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগের (Downtown Revitalization Initiative, DRI) মাধ্যমে সনাক্তকৃত একটি সাইট। কর্মসূচিটি প্রাণবন্ত ডাউনটাউন ব্যবসা জেলা তৈরি করতে সরকারি ও বেসরকারি বিনিয়োগ ব্যবহার করে। রিভারহেড হলো সেই ছয়টি শহরের একটি যেখানে DRI কর্মসূচির সাথে একত্রে ইভলভ NY চার্জার বসানো হচ্ছে যাতে EV চালনাকে আরো স্থানীয় বাসিন্দা ও সকল নিউ ইয়র্কবাসীর জন্য আরো অ্যাক্সেসিবল একটি বিকল্প বানানো যায় এবং একইসাথে পুরো স্টেটের ডাউনটাউনে অর্থনৈতিক বিকাশকে সমর্থন করা যায়। ড্রাইভ EV ডাউনটাউন (DRIve EV Downtown) নামের বহু এজেন্সির কর্মসূচিটিতে অন্যান্য DRI অবস্থান রয়েছে যেখানে EV ফাস্ট চার্জিং স্থাপন করা হয়েছে, যার মধ্যে আছে অ্যামস্টারডাম (মন্টগোমারি কাউন্টি), জেনেভা (অন্টারিও কাউন্টি), মিডলটাউন (হাডসন ভ্যালির অরেঞ্জ কাউন্টি), ইউটিকা (ওনিডা কাউন্টি), এবং ওসওয়েগো (ওসওয়েগো কাউন্টি)।

**নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষের অন্তর্বর্তীকালীন প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা জাস্টিন ই. ড্রিস্কল বলেন,** "EV চার্জিং স্পেসের প্রথম উত্থাপক হিসেবে, NYPA এই দ্রুত বর্ধনশীল শিল্পের ভিত্তি স্থাপন করছে, পুরো স্টেটে একটি ত্বরান্বিত, উন্নত প্রযুক্তির, ব্যয়-সাশ্রয়ী উপায়ে উচ্চগতির চার্জার স্থাপন করছে। 100-র বেশি চার্জার স্থাপন আমাদের স্টেটব্যাপী নেটওয়ার্কের মেরুদণ্ড পাকাপোক্ত করে এবং নিউ ইয়র্কের মুখ্য যাত্রা করিডোর সংলগ্ন যাতায়াতকে বিদ্যুতায়িত করতে সাহায্য করার আমাদের মূল লক্ষ্যে আরো বেশি বিনিয়োগের অনুপ্রেরণা প্রদান করে। লং আইল্যান্ডে EV ব্যবহার অতি দ্রুত হারে বৃদ্ধি পাচ্ছে এবং NYPA EV চালানো সহজতর করতে সাহায্য করতে পেরে গর্বিত।"

**নিউ ইয়র্ক স্টেটের সচিব রবার্ট জে. রড্রিগেজ বলেন,** "এই মাইলফলকটি নিউ ইয়র্ককে আরো পরিচ্ছন্ন ও সবুজ করতে স্টেটের নেতৃত্বের প্রতিনিধিত্ব করে। ডাউনটাউনকে ডিকার্বোনাইজ করা এবং জলবায়ুবান্ধব অবকাঠামোতে বিনিয়োগ করা ডাউনটাউন পুনরুজ্জীবনের একটি গুরুত্বপূর্ণ বিল্ডিং ব্লক। নিউ ইয়র্কবাসীরা আরো প্রাণবন্ত ও পুনঃকল্পিত ডাউনটাউন ফেরত আসছে এবং তাদের আরো স্থিতিস্থাপক করা হলো DOS-র একটি অগ্রাধিকার।"

**লং আইল্যান্ড বিদ্যুৎ কর্তৃপক্ষের প্রধান নির্বাহী কর্মকর্তা টমাস ফ্যালকন বলেন**, "NYPA-কে তাদের 100টি দ্রুত EV চার্জারের মাইলফলক পার করার জন্য এবং একইসাথে লং আইল্যান্ডের প্রথম তিনটি ইভলভ NY ফাস্ট চার্জার স্থাপন করার জন্য অভিনন্দন। যেহেতু EV চার্জার আরো বেশি সহজে উপলভ্য হয়ে উঠছে, তাই এই প্রযুক্তিতে জনগণের উৎসাহও বৃদ্ধিই পাবে এবং এটি আমাদেরকে নিউ ইয়র্কের পরিচ্ছন্ন শক্তি লক্ষ্য অর্জনের ক্ষেত্রে সাফল্যের পথে স্থাপন করবে। আমরা আমাদের NYPA অংশীদারদের সাথে কাজ চালিয়ে যেতে উন্মুখ যাতে করে শিক্ষা ও প্রণোদনার মাধ্যমে আমাদের পুরো অঞ্চলে EV গ্রহণকে উৎসাহিত করতে আমাদের পক্ষে সম্ভব সকল কিছু করতে পারি।"

**রিভারহেড টাউনের সুপারভাইজার ইভেট আগুইলার বলেন,** "এইসব ইভলভ ফাস্ট চার্জারের মতো চার্জিং স্টেশন ডাউনটাউন রিভারহেডের সার্বিক অবকাঠামো বলিষ্ঠ করতে সাহায্য করে, যা আমাদের ডাউনটাউনের সার্বিক পুনরুজ্জীবন ও পুনরুত্থানের জন্য অতি গুরুত্বপূর্ণ। যখন আরো বেশি নিউ ইয়র্কবাসী বৈদ্যুতিক যান বেছে নিচ্ছে, তখন এইসব চার্জারের উপলভ্যতা নিঃসন্দেহে আরো প্রচলিত হয়ে উঠবে।"

**ইলেক্ট্রিফাই আমেরিকার (Electrify America) প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা জিওভানি পালাজো বলেন,** "আমরা নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষের ইভলভ NY চার্জিং নেটওয়ার্কের 100টির বেশি চার্জার হওয়ার মাইলফলক উদযাপন করতে পেরে আনন্দিত। আমাদের চলমান সহযোগিতা দ্বারা, ইলেক্ট্রিফাই আমেরিকা NYPA-র নিউ ইয়র্ক স্টেটে সকলের জন্য বৈদ্যুতিক যান চালানো অগ্রসর করার কাজে সাহায্য করছে।"

**PSEG লং আইল্যান্ডের শক্তি দক্ষতা ও নবায়নযোগ্যের (Energy Efficiency and Renewables) পরিচালক মাইকেল ভোল্টজ বলেন,** "PSEG লং আইল্যান্ড এই দারুণ

মাইলফলকের জন্য NYPA-কে অভিনন্দন জানাচ্ছে। আমরা EV ফাস্ট চার্জার স্টেশনকে জাতীয় গ্রিডে সংযুক্ত করার জন্য একটি উভয় পক্ষের স্বীকৃত নকশা বের করে NYPA-র সাথে কাজ করতে পেরে আনন্দিত যাতে দ্রুত নিজেদের যান চার্জ করতে চাওয়া EV মালিকদের দ্রুত, নির্ভরযোগ্য বিদ্যুৎ প্রদান করা যায়। নিউ ইয়র্ক স্টেটের যেকোনও এলাকার তুলনায় মোট গাড়ির মালিকানার দিক দিয়ে লং আইল্যান্ডে বৈদ্যুতিক যানের সর্বোচ্চ শতাংশ রয়েছে, এবং আমরা আমাদের অঞ্চলে যে আরো EV স্টেশন আসতে যাচ্ছে তা নিয়ে আনন্দিত।"

**ড্রাইভ ইলেকট্রিক লং আইল্যান্ডের (Drive Electric Long Island) চেয়ারওম্যান মার্জানেহ ইসাপোর বলেন,** "ড্রাইভ ইলেকট্রিক লং আইল্যান্ড NYPA-র প্রশংসা করছে এর ইভলভ NY ফাস্ট চার্জিং কর্মসূচির জন্য যা লং আইল্যান্ডে এবং পুরো নিউ ইয়র্কে EV চার্জিংকে দ্রুত, সাশ্রয়ী ও সুবিধাজনক করে। আমাদের লক্ষ্য হলো EV গ্রহণকে এবং অতিরিক্ত চার্জিং অবকাঠামোকে অ্যাডভোকেসি, শিক্ষা ও আউটরিচের মাধ্যমে ত্বরান্বিত ও উৎসাহিত করা। ইভলভ NY নেটওয়ার্ক তা অর্জন করা অনেক সহজতর করে এবং লং আইল্যান্ডের EV চালকদের প্রয়োজনে সাড়াদান করে। লং আইল্যান্ড নিউ ইয়র্ক স্টেটের 30 শতাংশ EV নিয়ে গর্ব করে, আমাদের চালকদের তাই নিঃসন্দেহে আরো চার্জিংয়ের বিকল্প প্রয়োজন। আমরা রিভারহেডে 100তম ইভলভ স্টেশন এবং নেটওয়ার্কে কোম্যাক ও ব্রিজহ্যাম্পটনের সংযোজন উদযাপন করতে পেরে গর্বিত।"

## পরিচ্ছন্ন পরিবহনে নিউ ইয়র্ক স্টেটের অগ্রগতি

নিউ ইয়র্ক স্টেটের একটি লক্ষ্য হলো 2025 সালের মধ্যে 850,000 নিঃসরণমুক্ত যান পাওয়া, এবং 2035 সালের মধ্যে সকল নতুন যাত্রী যানকে নিঃসরণমুক্ত করা। ইভি মেক রেডি (EV Make Ready), ইভলভ NY (EVolve NY fast charging network), ড্রাইভ ক্লিন রিবেট (Drive Clean Rebate), নিউ ইয়র্ক ট্রাক ভাউচার ইনসেনটিভ প্রোগ্রাম (New York Truck Voucher Incentive Program, NYTVIP) এবং চার্জ এনওয়াই (Charge NY) সহ বিভিন্ন উদ্যোগের মাধ্যমে নিউ ইয়র্ক দ্রুত এই লক্ষ্যগুলিকে এগিয়ে নিয়ে যাচ্ছে। এই প্রচেষ্টাগুলি 2021 সালে নিউ ইয়র্কে বিক্রি হওয়া বৈদ্যুতিক যানের সংখ্যায় রেকর্ড বৃদ্ধিতে অবদান রাখে, 2022 সালের সেপ্টেম্বর পর্যন্ত রাস্তায় থাকা মোট EV-র সংখ্যা 114,000-র বেশি করে, এবং স্টেটে চার্জিং স্টেশনের সংখ্যা 10,000-র বেশি করেছে, যার মধ্যে লেভেল 2 ও ফাস্ট চার্জার রয়েছে।

## নিউ ইয়র্ক স্টেটের দেশের নেতৃত্বকারী জলবায়ু পরিকল্পনা

নিউ ইয়র্ক স্টেটের জাতির নেতৃত্বকারী জলবায়ুর কর্মসূচী হল জাতির সব চেয়ে বেশি আক্রমণাত্মক জলবায়ু ও পরিচ্ছন্ন শক্তির উদ্যোগ, যা সুশৃঙ্খল ও ন্যায্যভাবে পরিচ্ছন্ন শক্তিতে উত্তরণের আহ্বান করে যা চাকরি তৈরি করে এবং নিউ ইয়র্ক স্টেট কোভিড-19 মহামারী থেকে উদ্ধারলাভের সাথে সাথে একটি সবুজ অর্থনীতিকে প্রতিপালন করা অব্যাহত রাখে। জলবায়ু নেতৃত্ব এবং জনসমাজের সুরক্ষা আইন (Climate Leadership and Community Protection Act) এর মাধ্যমে আইনের অন্তর্ভুক্ত করার পরে, নিউ ইয়র্ক 2040 এর মধ্যে শূন্য-নির্গমন বিদ্যুৎশক্তির ক্ষেত্রে তার বাধ্যতামূলক লক্ষ্য অর্জনের পথে এগিয়ে চলেছে, যার মধ্যে অন্তর্ভুক্ত আছে 2030 এর মধ্যে 70 শতাংশ পুনর্নবায়নযোগ্য শক্তি উৎপাদন এবং অর্থনীতি ব্যাপী কার্বন নিরপেক্ষতা অর্জন করা। এটি রাজ্য জুড়ে 120টি বড় আকারের পুনর্নবীকরণযোগ্য এবং ট্রান্সমিশনের প্রকল্পগুলিতে 35 বিলিয়ন ডলারের বেশি বিনিয়োগের উপর ভিত্তি করে গড়ে

তোলে, যার মধ্যে আছে ভবনগুলির নির্গমন কমাতে 6.8 বিলিয়ন ডলার, সৌরশক্তি বাড়াতে 1.8 বিলিয়ন ডলার, পরিচ্ছন্ন পরিবহন উদ্যোগের জন্য 1 বিলিয়ন ডলারের বেশি এবং NY গ্রীন ব্যাঙ্কের (NY Green Bank) প্রতিশ্রুতিতে 1.6 বিলিয়ন ডলারেরও বেশি সহ পরিচ্ছন্ন শক্তি বাড়াতে নিউ ইয়র্কের অভূতপূর্ব বিনিয়োগ। সম্মিলিতভাবে, এই বিনিয়োগগুলি 2020 সালে নিউইয়র্কের নির্মল জ্বালানি খাতে 158,000 এরও বেশি চাকরি, 2011 সাল থেকে বিতরণকৃত সৌর খাতে 2,100 শতাংশ প্রবৃদ্ধি এবং 2035 সালের মধ্যে 9,000 মেগাওয়াট অফশোর বায়ুশক্তি গড়ে তোলার প্রতিশ্রুতিকে সমর্থন করে৷ জলবায়ু আইনের অধীনে, নিউ ইয়র্কে এই অগ্রগতির উপর ভিত্তি করে নির্মাণ করবে এবং 2050 সালের মধ্যে গ্রিনহাউস গ্যাস নির্গমনকে 1990 এর স্তর থেকে 85 শতাংশ কমাবে, এবং নিশ্চিত করবে যে পরিচ্ছন্ন শক্তির বিনিয়োগের 40 শতাংশ বেনিফিটের অন্তত 35 শতাংশ সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলিকে দেওয়া হবে, এবং চূড়ান্ত ব্যবহারকারীর শক্তির খরচ সাশ্রয় করার মাধ্যমে অন-সাইট শক্তি খরচ 185 ট্রিলিয়ন BTU কমানো, যাতে 2025 সালের শক্তির দক্ষতার লক্ষের উদ্দেশ্যে অগ্রসর হওয়া যায়।

**নিউ ইয়র্ক পাওয়ার অথরিটি (New York Power Authority) সম্পর্কে**

NYPA হল স্টেটের সব থেকে বড় পাবলিক পাওয়ার অর্গানাইজেশন, যা 16 টি জেনারেটিং ফেসিলিটি এবং ট্রান্সমিশন লাইনের 1,400 এর বেশি সার্কিট- মাইল পরিচালনা করে। NYPA দ্বারা 80 শতাংশের বেশি বিদ্যুৎ পরিষ্কার রিনিউএবল হাইড্রোপাওয়ার উৎপন্ন করে। NYPA কোনো ধরনের আয়কর অর্থ বা স্টেট ক্রেডিট ব্যবহার করে না। তারা তাদের বন্ড বিক্রয় এবং বিদ্যুৎ বিক্রি করে অর্জিত অর্থ দিয়ে তাদের অধিকাংশ কার্যকলাপের অর্থায়ন করে। আরও তথ্যের জন্য ভিজিট করুন www.nypa.gov এবং আমাদের ফলো করুনTwitter-এ @NYPAenergy, Facebook-এ, Instagram-এ, Tumblr-এ এবং LinkedIn-এ।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418